গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
যশোর সদর, যশোর
doict.sadar.jessore.gov.bd

# উপজেলা আইসিটি কমিটির জুলাই/২০২৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহরিয়ার হক
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর

সভার তারিখ ও সময় : ২৮/০৭/২০২৬ খ্রি. বিকাল ৩.৩০ মিনিট

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'**

সভায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা আইসিটি কমিটির সভায় জুন/২০২৬ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তগুলো দৃঢ়ীকরণ করা হয়।

১. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | ওয়েব পোর্টালঃ<br>উপজেলা আইসিটি অফিসার জানান সরকারি দপ্তরের ওয়েব পোর্টালের মাধ্যমে নাগরিকগণ অনলাইনে ঘরে বসে যেকোন দপ্তরের সেবা ও কার্যক্রম সম্পর্কে জানতে পারেন। এজন্য প্রতিটা দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ থাকা দরকার। জনগণ পোর্টাল হতে কাংখিত তথ্য না পেলে সরকারি দপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হতে পারে। পোর্টালের রিপোর্ট হতে দেখা যায় অধিকাংশ দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ করা নেই। | উপজেলার যেসব দপ্তরের ওয়েব পোর্টালে কর্মকর্তা ও কর্মচারিদের তথ্য নেই সেসব দপ্তরের স্ব স্ব দপ্তর প্রধানকে হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া শতভাগ হালনাগাদকরণের জন্য উপজেলার সকল দপ্তর প্রধানদের বলা হয়। ওয়েব পোর্টালের দ্বিতীয় সংস্করণ চালু হওয়ায় স্ব-স্ব দপ্তরকে পোর্টালের প্রোফাইলে সংযুক্ত ইমেইল আইডি দিয়ে পাসওয়ার্ড রিসেট অপশনে গিয়ে নতুন পাসওয়ার্ড যুক্ত করে লগইন করার পরামর্শ দেওয়া হয়। এ বিষয়ে কারিগরী সহায়তা দেয়ার জন্য আইসিটি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামারকে বলা হয়। এছাড়া আগস্ট মাসে সকল দপ্তরকে নিয়ে ওয়েব পোর্টাল বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ১.২ | ডি-নথি কার্যক্রমঃ<br>উপজেলা আইসিটি অফিসার জানান যশোর সদর উপজেলায় বিভিন্ন দপ্তরে ডি-নথি কার্যক্রমে | উপজেলা পর্যায়ে ডি-নথি সিস্টেমে ১৮ টি দপ্তর লাইভে সক্রিয় আছে। এই দপ্তরগুলোর ডি-নথির কার্যক্রম আরও জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধানগণ |

চলমান পাতা-১

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সমস্যা হলে উপজেলা আইসিটি অফিসের সহযোগিতা নেয়া যেতে পারে। | | |
| ১.৩ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প সংক্রান্তঃ আইসিটি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্প হতে ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd. এর মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে ২০ এমবিপিএস ওয়াই-ফাই সংযোগ প্রদানের কাজ চলমান আছে। ২৪২ টি প্রতিষ্ঠানে ২০ এমবিপিএস ব্রডব্যান্ড ওয়াই-ফাই সংযোগ প্রদান করা হয়েছে। | সংযোগ প্রদানের কাজে ভেন্ডর প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd. এর কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত হয় । সংযোগ প্রদানকৃত ১১৭ টি প্রাথমিক বিদ্যালয়ের সাথে ভেন্ডর প্রতিষ্ঠানের ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন হয়েছে। উপজেলা আইসিটি অফিসার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, Link3 প্রতিনিধি এবং সংযোগ প্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে ওয়াইফাই অভিযোগ সংক্রান্ত একটি হোয়াটসএপ গ্রুপ খোলা হয়েছে। যেখানে ইন্টারনেট সম্পর্কিত যেকোন অভিযোগ ১ কর্মদিবসের মধ্যে Link3 ভেন্ডর প্রতিষ্ঠান সমাধান করবে। তাছাড়া ২৫৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করবে। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান |
| ১.৪ | আইসিটিডি ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ | আইসিটিডি ডিজিটাল ল্যাব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিয়মিত ব্যবহার করবেন। এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার প্রতিমাসে ২টি স্কুলে আয়োজন করা হবে। | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা আইসিটি অফিসার |
| ১.৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ | শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস মনিটরিং কমিটির কর্মকর্তা পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেন প্রতিদিন কমপক্ষে ১টি করে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা করে তা রেজিস্টারে সংরক্ষণ করার জন্য নির্দেশনা দিবেন। | প্রধান শিক্ষক ও মনিটরিং কর্মকর্তা |
| ১.৬ | ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ সংক্রান্তঃ | যশোর সদর উপজেলায় শিক্ষিত বেকার যুবক-যুবতীদের নিয়ে উপজেলার এডিপি খাতের বরাদ্দ হতে ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করার জন্য মডিউল প্রস্তুতসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। উপজেলা আইসিটি অফিসার ও<br>৩। জনাব প্রবীর মিত্র, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, যশোর সদর |



CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১.৭ | বিবিধ | উপজেলা আইসিটি কমিটির সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৮/৭/২৬

(মোঃ শাহরিয়ার হক)
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর
ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
যশোর সদর, যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৪৩২
ইমেইল: unojessore@mopa.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৪১৪৭.০০০.০০০.০৬.০০০১.২৫. ৬৮

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৮ জুলাই ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। জেলা প্রশাসক, যশোর।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপজেলা........................................অফিসার, সদর, যশোর।

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক........................................................

৩। জনাব ........................................................................

২৮/৭/২৬

(মোঃ আব্দুল করিম)
সহকারী প্রোগ্রামার
যশোর সদর, যশোর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
যশোর সদর, যশোর

CamScanner